বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রশিক্ষণ পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০২৯.২৫.০০০২.২৬.১৯১

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

সার্কুলার

আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা কর্তৃক ২০২৬-২৭ অর্থ-বছরের জুলাই-ডিসেম্বর/২০২৬ সেশনে অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীর মধ্য হতে প্রতি কোর্সে ১ (এক) জন প্রশিক্ষণার্থীর নাম ও অন্যান্য তথ্যাদি নিম্নেবর্ণিত প্রশিক্ষণ সূচি ও নির্ধারিত ছক অনুযায়ী অত্র দপ্তরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হলো।

বিশেষভাবে উল্লেখ্য, ইতঃপূর্বে কোন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণকে একই কোর্সে পুনরায় মনোনয়ন দেওয়া যাবে না। প্রশিক্ষণার্থীর মনোনয়ন প্রাপ্তির তারিখকে প্রাধান্য দেয়া হবে এবং **আগে আসলে আগে পাবেন ভিত্তিতে** মনোনয়ন প্রদান করা হবে।

“ছক”

ক্রঃ নং	প্রার্থীর নাম, আইডি ও পদবী	মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা	দাপ্তরিক ঠিকানা	জুলাই-ডিসেম্বর/২০২৬ মেয়াদের প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছু কোর্সের ক্রমিক নং ও কোর্সের শিরোনাম	নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নং
১	২	৩	৪	৫	৬

সংযুক্তি: প্রশিক্ষণ সূচি

সংযুক্তিঃ
(১) প্রশিক্ষণ সূচি

০৯-০৭-২০২৬
এস.এম হুমায়ুন কবীর
পরিচালক

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০২৯.২৫.০০০২.২৬.১৯১/১ (৯)

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরীত হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রধান/ নিয়ন্ত্রক (সকল), ...।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর , বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ...।
৪। পরিচালক (সকল), ...।

৫। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমত ে অনুরোধ করা হলো)।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), ...।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৯। অফিস কপি/, মাষ্টার কপি।

০৯-০৭-২০২৬
নূরুন নাহার
সহকারী পরিচালক

আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৪৯ নিউ ইস্কাটন, ঢাকা- ১০০০।

www.rpatcdhaka.portal.gov.bd

স্মারকনং:০৫.০১.০০০০.০৬১.১৬.০০৩.০৮-**৩৮৯**

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

বিষয়: জুলাই-ডিসেম্বর ২০২৬ মেয়াদে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সের সিডিউল অনুযায়ী প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরের জুলাই হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে তাঁর মন্ত্রণালয়/ অধিদপ্তর থেকে প্রতি কোর্সে ০১ (এক) জন প্রশিক্ষণার্থীকে মনোনয়ন প্রদানের জন্য এতদসঙ্গে একটি কোর্সের সিডিউল প্রেরণ করা হলো। মহোদয়ের সানুগ্রহ বিবেচনার জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়ার নিয়মাবলী নিম্নে বর্ণনা করা হলোঃ

(১) মনোনীত প্রশিক্ষণার্থীকে আবশ্যিকভাবে **অনলাইন রেজিস্ট্রেশন** করতে হবে। **অনলাইন রেজিস্ট্রেশন** এর জন্য https://www.erp.bpatc.gov.bd/bpatc_registration/rpatc_add_new_reg_form.php এই ওয়েবলিংক ব্যবহার করতে হবে। সিডিউলে উল্লিখিত নির্ধারিত তারিখে সকাল ১০:০০ টা হতে অনলাইন রেজিস্ট্রেশনের ফর্ম ওপেন হবে। **বর্ণিত তারিখে সরকারি ছুটি থাকলে পরের দিন অনলাইন রেজিস্ট্রেশনের ফর্ম ওপেন হবে।** অনলাইন রেজিস্ট্রেশন ফর্মে প্রশিক্ষণার্থী লগইন আইডি এবং পাসওয়ার্ড হিসাবে যা ব্যবহার করবেন সেটা তাঁকে সংরক্ষণ করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশনের ক্ষেত্রে আসন সংখ্যা/লক্ষ্যমাত্রা পূর্ণ হওয়ার পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। **অনলাইন রেজিস্ট্রেশন ছাড়া কাউকে প্রশিক্ষণের সুযোগ প্রদান করা সম্ভব হবে না।**

(২) মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ আরম্ভ হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট আকারের ০১ (এক) কপি ছবিসহ সকাল ৯.০০ টার পূর্বে এ কেন্দ্রে রিপোর্ট করতে হবে। প্রশিক্ষণকাল হবে সকাল ৯.০০ হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত।

(৩) প্রশিক্ষণকালীন কোন প্রকার ঐচ্ছিক/নৈমিত্তিক বা খন্ডকালীন ছুটি দেয়া যাবে না বিধায় মনোনয়ন দেয়ার ক্ষেত্রে বিষয়টি বিবেচনায় নিয়ে প্রশিক্ষণার্থীদের মনোনয়ন দিতে হবে এবং প্রশিক্ষণের প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিন বা জাতীয় দিবস উদযাপনে প্রশিক্ষণার্থীদেরকে কেন্দ্রে অবস্থান করতে হতে পারে।

(৪) মনোনয়নপত্রে মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর টেলিফোন/মোবাইল নম্বর, ই-মেইল (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।

(৫) একটি দপ্তর হতে একই কোর্সে একই সঙ্গে একাধিক প্রশিক্ষণার্থীকে মনোনয়ন দেয়া যাবে না ।

(৬) ইতোপূর্বে কোনো কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীকে একই কোর্সে পুনরায় মনোনয়ন দেয়া যাবে না।

(৭) কোর্সের জন্য প্রশিক্ষণ ফি প্রদান করতে হবে না।

(৮) প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিকের প্রতি খেয়াল রেখে অপেক্ষাকৃত নবীন কর্মকর্তা/কর্মচারীকে মনোনয়নে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

(৯) প্রশিক্ষণকালীন সময়ে এ কেন্দ্রের ডরমিটরীতে আসন খালি থাকা সাপেক্ষে আবাসন সুবিধা পাওয়া যাবে।

(১০) প্রশিক্ষণার্থীগণকে সরকার প্রবর্তিত হারে প্রশিক্ষণভাতা প্রদান করা হবে।

জরুরী প্রয়োজনে যোগাযোগ করা যেতে পারে (অফিস চলাকালীন):

(১) মিজ্ সাদিয়া বুলবুল, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও অর্থ), আরপিএটিসি, ঢাকা। ফোন: ০১৭৮১-৫৭৭৪৮৮

(২) জনাব মোঃ শরীফ উদ্দিন, প্রশিক্ষণ সহকারী, আরপিএটিসি, ঢাকা। মোবাইল: ০১৭১৭-৪০৩২৩১

(৩) মিজ্ লাকী বেগম, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, আরপিএটিসি, ঢাকা। মোবাইল: ০১৬৮-১৪১১৯৯৮

সংযুক্তি : কোর্স সিডিউল (০১ পাতা)/ অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।

(মোহাম্মদ মাহবুবুল আলম মজুমদার)
উপপরিচালক (উপসচিব)
ফোন: ০২-৪১০৩১২০৭
ই-মেইল: rpatcdhaka@yahoo.com

প্রাপক: .....

.....

.....

আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৪৯, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।

প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২৬-২০২৭

জুলাই- ডিসেম্বর/২০২৬ (৬ মাস) মেয়াদে অনুষ্ঠিতব্য বিভিন্ন কোর্স/ কর্মশালার বিবরণ:

ক্র.নং	পাঠ্যক্রমের নাম	মেয়াদ/ তারিখ	প্রশিক্ষণার্থীর পর্যায়	অনলাইন রেজিস্ট্রেশন শুরুর তারিখ	লক্ষ্যমাত্রা
	জুলাই-২০২৬				
০১.	Procurement Management Course ক্রয় ব্যবস্থাপনা কোর্স	১২ দিন ১২-২৩ জুলাই/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০২/০৭/২০২৬	৩৫ জন
০২.	Electronic Government Procurement Course (e-GP) ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট কোর্স	০৫ দিন ১৯-২৩ জুলাই/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০৪/০৭/২০২৬	৩৫ জন
০৩.	Workshop on Bangladesh Before All ''সবার আগে বাংলাদেশ'' বিষয়ক কর্মশালা	০১ দিন ২০ জুলাই/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০৫/০৭/২০২৬	৪০ জন
০৪.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	১২ দিন ১৯-৩০ জুলাই/২০২৬	১৭ – ২০ তম মূল গ্রেডের কর্মচারী	০৪/০৭/২০২৬	৩৫ জন
	আগস্ট-২০২৬				
০১.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	২৬ দিন ০২-২৭ আগস্ট/২০২৬	১০ – ১২ তম মূল গ্রেডের কর্মচারী	১৭/০৭/২০২৬	৩৫ জন
০২.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	১৯ দিন ০২-২০ আগস্ট/২০২৬	১৩ – ১৬ তম মূল গ্রেডের কর্মচারী	১৭/০৭/২০২৬	৩৫ জন
০৩.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	১২ দিন ০৯-২০ আগস্ট/২০২৬	১৭ – ২০ তম মূল গ্রেডের কর্মচারী	২৪/০৭/২০২৬	৩৫ জন
০৪.	Workshop on Governance Performance Monitoring System "সরকারি কর্মস্পাদন পরিবীক্ষণ পদ্ধতি" বিষয়ক কর্মশালা	০১ দিন ২০ আগস্ট/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০৫/০৮/২০২৬	৪০ জন
	সেপ্টেম্বর-২০২৬				
০১.	Office Management & ICT Course অফিস ব্যবস্থাপনা ও আইসিটি কোর্স	১২ দিন ০৬-১৭ সেপ্টেম্বর/২০২৬	১৩ – ১৬ তম মূল গ্রেডের কর্মচারী	২১/০৮/২০২৬	৩৫ জন
০২.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	১২ দিন ১৩-২৪ সেপ্টেম্বর/২০২৬	১৭ – ২০ তম মূল গ্রেডের কর্মচারী	২৯/০৮/২০২৬	৩৫ জন
০৩.	Workshop on Climate Change & Locally Led Adaptation "জলবায়ু পরিবর্তন এবং স্থানীয় নেতৃত্বাধীন অভিযোজন" সম্পর্কিত কর্মশালা	০১ দিন ১৭ সেপ্টেম্বর/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০২/০৯/২০২৬	৪০ জন
	অক্টোবর-২০২৬				
০১.	Financial Management Course ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট কোর্স	১২ দিন ০৪-১৫ অক্টোবর/২০২৬	১০ – ১২ তম মূল গ্রেডের কর্মচারী	১৯/০৯/২০২৬	৩৫ জন
০২.	Financial Management Course ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট কোর্স	১২ দিন ১৮-২৯ অক্টোবর/২০২৬	১৩ – ১৬ তম মূল গ্রেডের কর্মচারী	০৩/১০/২০২৬	৩৫ জন
০৩.	Workshop on Artificial Intelligence (AI) in Public Service "সরকারি সেবা প্রদানে কৃত্রিম বুদ্ধিমত্তা'' বিষয়ক কর্মশালা	০১ দিন ১৫ অক্টোবর/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	৩০/০৯/২০২৬	৪০ জন
	নভেম্বর-২০২৬				
০১.	Electronic Government Procurement Course (e-GP) ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট কোর্স	০৫ দিন ০১-০৫ নভেম্বর/২০২৬	১০ – ১২ তম মূল গ্রেডের কর্মচারী	১৭/১০/২০২৬	৩৫ জন
০২.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	২৬ দিন ০৪-২৯ নভেম্বর/২০২৬	১০ – ১২ তম মূল গ্রেডের কর্মচারী	২০/১০/২০২৬	৩৫ জন
০৩.	Workshop on Technical Skill Development and Economic Growth "কারিগরি দক্ষতা উন্নয়ন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি" বিষয়ক কর্মশালা	০১ দিন ১৯ নভেম্বর/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০৪/১১/২০২৬	৪০ জন
০৪.	Electronic Government Procurement Course (e-GP) ইলেকট্রনিক গভনমেন্ট প্রকিউরমেন্ট কোর্স	০৫ দিন ২২-২৬ নভেম্বর/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০৭/১১/২০২৬	৩৫ জন
০৫.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	১৯ দিন ২২ নভেম্বর- ১০ ডিসেম্বর/২০২৬	১৩ – ১৬ তম মূল গ্রেডের কর্মচারী	০৭/১১/২০২৬	৩৫ জন
	ডিসেম্বর-২০২৬				
০১.	Fundamental Training Course মৌলিক প্রশিক্ষণ কোর্স	১২ দিন ২০-৩১ ডিসেম্বর/২০২৬	১৭ – ২০ তম মূল গ্রেডের কর্মচারী	০৫/১২/২০২৬	৩৫ জন
০২.	Workshop on Public Procurement Emphasizing (e-GP) "ই-জিপি ভিত্তিক সরকারি ক্রয় ব্যবস্থাপনা" বিষয়ক কর্মশালা	০১ দিন ২৪ ডিসেম্বর/২০২৬	নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা	০৯/১২/২০২৬	৪০ জন

(মোহাম্মদ মাহবুবুল আলম মজুমদার)
উপপরিচালক (উপসচিব)
ফোন: ০২-৪১০৩১২০৭